



# যুগান্তর

যুগান্তর, ০৬-০৩-২০২৩, পৃ. ১৫



## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ৫ম নেহরীন খান স্মৃতি বক্তৃতা

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে '৫ম নেহরীন খান স্মৃতি বক্তৃতা' অনুষ্ঠিত হয়েছে। রোববার বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অডিটোরিয়ামে এই বক্তৃতা অনুষ্ঠানে মূল বক্তা ছিলেন বিশিষ্ট ভারতীয় ইতিহাসবিদ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগো বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক ড. দীপেশ চক্রবর্তী। 'মানব ইতিহাসে গ্রহের যুগ' শিরোনামে তার বক্তৃতায় ড. চক্রবর্তী পৃথিবী এবং গ্রহের পার্থক্যের ওপর আলোচনা করেছেন। তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা প্রয়াত ড. আকবর আলি খানের মেয়ে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রাক্তন ছাত্রী নেহরীন খানের স্মরণে এ বক্তৃতাটির আয়োজন করা হয়। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফকরুল আলম, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ, এয়ার কমডোর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।